



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কটন এগ্রোনমিষ্ট, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর  
তুলা উন্নয়ন বোর্ড  
এবং  
নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড  
এর মধ্যে কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০১৮ - ৩০ জুন ২০১৯ খ্রিঃ

## সূচিপত্র

	পৃষ্ঠা নং
কর্ম সম্পাদনের সার্বিক চিত্র	০৩
উপক্রমনিকা	০৪
সেকশন -১ : রূপকল্প (Vission), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী	০৫
সেকশন -২ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	০৬
সেকশন -৩ : কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	০৭
সংযোজনী-১ : শব্দ সংক্ষেপ	১০
সংযোজনী-২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী উইং/অফিস/ইউনিট/প্রকল্প এবং পরিমাপ পদ্ধতি	১১
সংযোজনী-৩ : কর্ম সম্পাদনে লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে উইং/অফিস/ইউনিট/প্রকল্প নিকট সুনির্দিষ্ট চাহিদা	১২

## উপক্রমিকা (Preamble)

তুলা উন্নয়ন বোর্ডের আওতাধীন তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর  
এর  
কটন এগ্রোনমিষ্ট  
এবং

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন তুলা উন্নয়ন বোর্ডের নির্বাহী পরিচালক

এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১১ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয় পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

## কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview Performance)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা :

সাম্প্রতিক বছরসমূহে (৩ বছর) প্রধান অর্জন সমূহঃ

তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর গবেষণা, প্রশিক্ষণ, মৌল ও ভিত্তিবীজ উৎপাদন এবং ভিত্তিবীজ বিতরণ প্রভৃতি কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। গত তিন বছরে বিভিন্ন ডিসিপ্লিনে (ব্রিডিং, মৃত্তিকা গবেষণা, কৃষিতত্ত্ব, কীটতত্ত্ব ও রোগতত্ত্ব) আওতায় ৭টি প্রযুক্তি উদ্ভাবন করা হয়েছে। মোট ১৪.৫ হেক্টর জমিতে বিভিন্ন গবেষণা ট্রায়াল স্থাপন করা হয়েছে। ১৫.৩ হেক্টর জমিতে গবেষণা, ৬ হেক্টর জমিতে মৌলবীজ এবং ৭৩ হেক্টর জমিতে ভিত্তিবীজের চাষাবাদ করে ১১০.০৯৪ টন বীজতুলা উৎপাদন করা হয়েছে। ৪৩.৮৩৭ টন ভিত্তিবীজ চাষীদের মধ্যে বিতরণ করা হয়েছে। গত তিন বছরে মোট জিনিং হয়েছে ১১০.১০২ টন বীজতুলা। এ সময়ে খামারে ১৫০ জন কর্মকর্তা, ৩৬০ জন কর্মচারী এবং ৩০০ জন কৃষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :

খামারের লাল মাটি অল্পাত্মক যা ফসলের পুষ্টি উপাদান গ্রহণে সহায়ক নয়।

ভবিষ্যৎ পরিকল্পনা :

আগামী মৌসুমে সাময়িক পতিত জমিতে বীজ উৎপাদন কর্মসূচীর আওতায় এনে মোট বীজতুলা উৎপাদন বৃদ্ধির পরিকল্পনা রয়েছে। খামারের যে সকল জমি অপেক্ষাকৃত কম উর্বর; সে সব জমিতে গাছ থেকে গাছের দূরত্ব কমিয়ে গাছের সংখ্যা বৃদ্ধির মাধ্যমে ফলন বৃদ্ধি করা সম্ভব বলে আশা করা যায়। জমিতে চুন প্রয়োগের সঠিক মাত্রা নির্ধারণের জন্য চুন প্রয়োগের মাত্রার উপর একটি গবেষণা ট্রায়াল নেওয়া হবে। নতুন জাত উদ্ভাবনের জন্য চলতি মৌসুমে যে সকল সম্ভাবনাময় একক গাছ নির্বাচন করা হয়েছে তা সারিতে বপনের মাধ্যমে ব্রিডিং ডিসিপ্লিনের সিলেকশন প্রক্রিয়া অব্যাহত রাখা হবে। গ্রীণ হাউজে প্রবর্তন, সংকরায়ন ও মিউটেশন পদ্ধতিতে তুলা ফসলের স্বল্পমেয়াদী জাত উদ্ভাবনের সম্ভাবনা রয়েছে। তুলার সবচেয়ে ক্ষতিকর পোকা আমেরিকান বোলওয়ার্ম প্রতিরোধী Bt Cotton জাত প্রবর্তনের জন্য বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের সহায়তায় গবেষণা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। ফেরোমোন ফাঁদ, আলোর ফাঁদ ও কুলাগুড়ের ফাঁদ ব্যবহারের মাধ্যমে বোলওয়ার্ম নিয়ন্ত্রণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

২০১৮-১৯ অর্থ বছরের সম্ভাব্য অর্জনসমূহ :

- আগামী মৌসুমে জাত অবমুক্তির জন্য ৪টি গবেষণা ট্রায়াল স্থাপন করা হবে।
- ১টি প্রযুক্তি উদ্ভাবনের পরিকল্পনা রয়েছে।
- মসলিন তুলার ফুটি কার্পাসের জাত অনুসন্ধানের গবেষণা কার্যক্রম চলমান।
- মৌলবীজের জন্য ২ হেক্টর জমিতে সিবি-১২, সিবি-১৩ ও সিবি-১৪ জাতের চাষ।
- রাজস্ব খাতে ১৩ হেক্টর ও সম্প্রসারিত তুলা চাষ প্রকল্প (ফেজ-১) এর আওতায় ১৫ হেক্টর জমিতে ভিত্তিবীজ উৎপাদন।
- মিউট্যান্ট বীজ দ্বারা গবেষণা ট্রায়াল স্থাপন।

## সেকশন-১ঃ

### ১.১ রূপকল্প (Vision) :

তুলা ও তুলা ফসলের উপজাত এর উৎপাদন বৃদ্ধি।

### ১.২ অভিলক্ষ্য (Mission) :

গবেষণার মাধ্যমে জলবায়ু উপযোগী ও কৃষকের চাহিদা অনুযায়ী প্রযুক্তি উদ্ভাবন এবং মানসম্পন্ন উচ্চফলনশীল জাতের ভিত্তিবীজ সরবরাহ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) :

#### ১.৩.১ বিভাগীয় কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. তুলা উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি;
২. তুলাবীজ সরবরাহ ও সহজলভ্যতা বৃদ্ধি।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ :

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ
২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলী (Activities):

১. বিভিন্ন কৃষি পরিবেশ অঞ্চলে প্রয়োগ উপযোগী পরিবেশ বান্ধব স্বল্প ব্যয়ের প্রযুক্তি উদ্ভাবনের জন্য মৌলিক, উপযোগী এবং প্রায়গিক গবেষণা পরিচালনা করা;
২. প্রশিক্ষণ, পার্টিসিপেটরী রিসার্চ, প্রদর্শনী, মাঠদিবস ইত্যাদির মাধ্যমে চাষী পর্যায়ের তুলা চাষের আধুনিক কলা-কৌশল হস্তান্তর ও বিস্তার করা;
৩. তুলাচাষের জন্য চাষীদের উদ্বুদ্ধ করা এবং তুলা ফলন বৃদ্ধির লক্ষ্যে আধুনিক প্রযুক্তি চাষীদের নিকট হস্তান্তরের জন্য সম্প্রসারণ কার্যক্রম পরিচালনা ;
৪. কৃষাণ কৃষাণীদের বিভিন্ন উপকরণ (উন্নত জাতের বীজ, সার, কীটনাশক প্রভৃতি) দিয়ে সহায়তা করা;
৫. বীজতুলা জিনিং ও মার্কেটিং;
৬. কৃষক হতে জিনার কর্তৃক বেসরকারীভাবে বীজতুলা বাজারজাতকরণে এবং উপজাত (তৈল ও খৈল) প্রক্রিয়াকরণে উৎসাহ প্রদান;
৭. তুলাচাষীদের ঋণ প্রাপ্তিতে সহায়তা প্রদান।
৮. তুলার সবচেয়ে ক্ষতিকর পোকা আমেরিকান বোলওয়ার্ম প্রতিরোধী Bt Cotton জাত প্রবর্তন ও সম্প্রসারণ করা।

সেকশন-২

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

মুদ্রান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)	কার্যসম্পাদন সূচকসমূহ (Performance Indicator)	একক (Unit)	ভিত্তি বছর ২০১৬-১৭	প্রকৃত * ২০১৭-১৮	লক্ষ্যমাত্রা ২০১৮-১৯	প্রক্ষেপণ Projection		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/গবেষণা খামারসমূহের নাম	উপাস্তসূত্র [Source(s) of data]
						২০১৯-২০	২০২০-২১		
তুলার পর্যাপ্ততা	জাত অবমুক্তি ট্রায়াল	সংখ্যা	৪	৪	৪	৪	৪	বিএআরসি, বারি, ব্রি, এসআরডিআই, বিনা।	কৃষি মন্ত্রণালয়ের বীজ উইং এর জাত অবমুক্তির রেজিঃ নং ও তারিখ
	উদ্ভাবিত প্রযুক্তি	সংখ্যা	২	২	১	১	১		গবেষণার খামারসমূহের রিসার্চ রিপোর্ট
	উৎপাদিত বীজ	মে. টন	১৭.৬১৮	১৪.৮৬০	১৭.৭০	১৮.৭০	১৮.৭০		তুলনা উৎপাদন অগ্রগতির বাৎসরিক রিপোর্ট
	জিনিকৃত বীজতুলা	মে. টন	৩৮.৭৫৩	৩৬.১৬৫	৪০	৪২	৪৩		বীজতুলা জিনিং অগ্রগতির বাৎসরিক রিপোর্ট
	বিতরণকৃত বীজ	মে. টন	১৬.৪৯৮	১৩.৪৫৯	১৭	১৮	১৯		বীজ বিতরণের বাৎসরিক রিপোর্ট

